



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা
১/২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-৫১২১১
(স্থাপিত : ১৭৮০)

website : www.dhkgovmalia.edu.bd, E-mail : malia1780dhaka@gmail.com

তারিখ : ০২/০৯/২০২৪ খ্রি.

ইসলামী জ্ঞান ও রচনা লিখন প্রতিযোগিতা-২০২৪ সংক্রান্ত নোটিশ

এতদ্বারা সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা-এর শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মহানবী হযরত মুহাম্মদ (স.) এর বর্ণাঢ্য কর্মময় জীবন সম্পর্কে আলোচনা ও জ্ঞানার্জনের নিমিত্তে গুলশান সেন্ট্রাল মসজিদ ও ঈদগাহ সোসাইটির শিক্ষা, সংস্কৃতি, গবেষণা ও জনসংযোগ উপ-কমিটির উদ্যোগে শিক্ষার্থীদের মধ্যে দু'টি গ্রুপে লিখিতভাবে ইসলামী জ্ঞান প্রতিযোগিতা এবং দু'টি বিষয়ের উপর রচনা লিখন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

আগ্রহী শিক্ষার্থীদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী গুলশান সেন্ট্রাল মসজিদ ও ঈদগাহ সোসাইটি, ১১১, গুলশান এ্যাভিনিউ, গুলশান মডেল টাউন, গুলশান, ঢাকা-১২১২ এ উপস্থিত থাকার জন্য নির্দেশ দেওয়া হলো।

* ইসলামী জ্ঞান প্রতিযোগিতা (দু'টি গ্রুপে, শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সময় : ১:০০ ঘণ্টা) -

'ক' গ্রুপ : মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা সমমান/ও-লেভেল, (৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত),
কওমী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের জন্য মিজান জামাত থেকে শরহে-জামি জামাত পর্যন্ত।
'খ' গ্রুপ : কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসা সমমান, কওমী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের জন্য
শরহে-বেক্বায়া জামাত থেকে তদুর্ধ্ব পর্যন্ত।

* রচনা লিখন প্রতিযোগিতা (দু'টি গ্রুপে, শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সময় : ১:০০ ঘণ্টা) -

'ক' গ্রুপ : মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা সমমান :-
বিষয় - "হযরত মুহাম্মাদ (স.) এর নবুয়ত লাভ" অনুর্ধ্ব-৫০০ শব্দ।
'খ' গ্রুপ : কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসা সমমান :-
বিষয়- "হযরত মুহাম্মাদ (স.) এর দ্বীন প্রচারে দাওয়াতী কার্যক্রম" অনুর্ধ্ব-৭৫০ শব্দ।

দু'টি গ্রুপে ইসলামী জ্ঞান প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, আগামী ১৪ই সেপ্টেম্বর ২০২৪ শনিবার, সকাল ১০:০০ টা থেকে বেলা ১১:০০ টা পর্যন্ত এবং দু'টি গ্রুপে রচনা লিখন প্রতিযোগিতা ঐদিন (১৪/০৯/২৪) বেলা ১১:৩০ টা থেকে বেলা ১২:৩০ টা পর্যন্ত। প্রত্যেক প্রতিযোগীকে নিজ আই.ডি কার্ড/পরিচয় পত্র/ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র ও সদ্য তোলা দুই কপি ছবিসহ ঐদিন (১৪/০৯/২৪) সকাল ৯:৪৫ মিনিটের মধ্যে গুলশান সেন্ট্রাল মসজিদের ২য় তলায় উপস্থিত থাকতে হবে। আগ্রহী প্রতিযোগীদের আগামী ০৯/০৯/২০২৪ তারিখের মধ্যে নাম, পিতার নাম, শ্রেণী, শিক্ষা প্রতিষ্ঠান, প্রতিযোগিতার গ্রুপ, বিষয়, মোবাইল নম্বর সহ গুলশান সেন্ট্রাল মসজিদ অফিস কক্ষে রক্ষিত নিদিষ্ট বাক্সে অবশ্যই জমা দিতে হবে। ডাক যোগে, কুরিয়ারে বা ই-মেইলে : gcmisbd@gmail.com নাম জমা দেয়া যাবে। (আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে ২৮শে সেপ্টেম্বর ২০২৪ রোজ শনিবার বিকাল ৪:৩০ টায় (চারটা ত্রিশ মিনিটে), বাদ আছর ইন-শা-আল্লাহ।

বিজয়ীদেরকে রচনা লিখন প্রতিযোগিতায় ৬টি, ইসলামী জ্ঞানে ৬টি আকর্ষণীয় পুরস্কার ও প্রতি গ্রুপে
৩জনকে উৎসাহ পুরস্কার (সর্বমোট ২৪টি পুরস্কার) দেয়া হবে :

'ক' গ্রুপ	'খ' গ্রুপ
প্রথম পুরস্কার - ১৫,০০০.০০ টাকা	প্রথম পুরস্কার - ২০,০০০.০০ টাকা
দ্বিতীয় পুরস্কার - ১৩,০০০.০০ টাকা	দ্বিতীয় পুরস্কার - ১৭,০০০.০০ টাকা
তৃতীয় পুরস্কার - ১০,০০০.০০ টাকা	তৃতীয় পুরস্কার - ১৫,০০০.০০ টাকা

— ammb

অধ্যক্ষ

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।